তমলুক মানিকতলা এভারগ্রীন ক্লাবের থিম কাচের সাজে মুক্তোর মাঝে।

তমলুক উত্তরায়ণ ক্লাবের প্রতিমা

কাঁথি রাজদূত ব্যায়ামাগারের পূজো মণ্ডপ।

নন্দকুমারে কালীপুজোর মণ্ডপ উদ্বোধনে মন্ত্রী শুভেন্দু অধিকারী।

অসহায়দের পাশে থাকার অঙ্গীকার পুলিশের

নিজস্ব সংবাদদাতা, কোলাঘাট ঃ পুলিশকে আমরা সবসময় অন্যভাবেই দেখে থাকি। কখনও চোর-ডাকাত ধরা, আবার কখনও খবরের শিরোনামে উঠে আসে রাস্তায় দিনরাত টাকা তুলছে। তবে পুলিশ যে একজন মানুষ। রয়েছে বিবেক, রয়েছে আর পাঁচটা মানুষের মতো নরম হৃদয়। খাকি পোষাকের আড়ালে ঢাকা থাকলেও অনেক সময় তার আত্মপ্রকাশ দেখা যায় মানুষের পাশে দাঁড়ানোর বার্তা নিয়ে। হ্যাঁ, তেমনই এক ছবি ধরা পড়ল পূর্ব মেদিনীপুর জেলা পুলিশের সহায়তায় কোলাঘাট থানার বিশেষ উদ্যোগ। গত ২০১৭ সালে জেলা পুলিশের উদ্যোগে 'স্পর্শ' নামে একটি উদ্যোগ গ্রহণ করা হয়। প্রতি থানা এলাকায় সে গরিব হোক কিংবা ধনী, যাঁদের দেখার কেউ নেই। তাঁদের পাশে দাঁড়াবে পুলিশ। ডাক্তারি ওষুধ কিনে দেওয়া থেকে খোঁজখবর নেওয়া, অসুস্থ হলে হাসপাতালে পৌঁছে দেওয়ার ব্যবস্থা। এমনই শুভ উদ্যোগ নিয়েছে পুলিশ। কোলাঘাট থানা এলাকায় এরকম ৩৯ জন অসহায় মানুষদের গত ২০১৭ সাল থেকে দেখভাল করে আসছে পুলিশ ও সিভিক পুলিশ। তবে এই স্পর্শের উদ্যোগে দীপাবলি উপলক্ষে খুশির দিনে কোলাঘাট থানায় আগামীকাল তুলে দেওয়া হবে কোলাঘাট থানা এলাকায় ২০০০ দুস্থ মানুষকে শীতবস্ত্র দান। আর তার আগে অর্থাৎ কালীপুজোর এই শুভদিনে সেই ৩৯ জন অসহায় মানুষের বাড়িতে গিয়ে পুলিশ তুলে দিল শাল, মিষ্টি ও মোমবাতি। দীপাবলির এই আনন্দের দিনে তাঁদেরও বাড়িতে জ্বলুক খুশির দীপাবলির মোমের আলো। সেই উদ্যোগকে সামনে রেখে পুজোর সকালে পুলিশ বাড়ি বাড়ি গেয়ে এই খুশির দিনে পাশে থাকার অঙ্গিকার নিয়ে বাড়ি বাড়ি তুলে দিলেন দীপাবলির উপহার। পুলিশের এই শুভ উদ্যোগে অনেকের আবার চোখের জল আর বেঁধে রাখতে পারলেন না।

মেচেদা-মেদিনীপুর রুটে রাত্রির শেষ বাস বন্ধ, দুর্ভোগ

নিজস্ব সংবাদদাতা, মেচেদা ঃ পূর্ব মেদিনীপুর জেলার প্রবেশদ্বার মেচেদা বাসস্ট্যান্ড থেকে মেদিনীপুরের দিকে রাত্রি ৮.৩০ মিনিটের শেষ বাস টানা না দিন বন্ধ থাকায় পুজো মরশুমে নিত্যযাত্রীরা চরম দুর্ভোগের সম্মুখীন হচ্ছেন। অবিলম্বে এই বিষয়ে জেলা আঞ্চলিক পরিবহণ কতৃপক্ষ কোন ব্যবস্থা না নিলে যাত্রীরা বৃহত্তর আন্দোলনে নামার ঘঁশিয়ারি দিয়েছেন। মেচেদা থেকে সন্ধ্যা ৭.১০ মিনিটে মেচেদা-কাঁটাখালি বাস ছেড়ে যাওয়ার পর সাড়ে আটটায় পশ্চিম মেদিনীপুর জেলার আর.টি.এ অনুমোদিত এই বাসটিতে মেচেদা থেকে আষাঢ়ী পর্যন্ত এলাকার যাত্রীরা যাতায়াত করত। গত ২৯ অক্টোবর দুপুরে বাসটি ধামতোড়ে দুর্ঘটনার কবলে পড়ে। দুর্ঘটনার পরে বাসের হেল্পার মারা যায়। তারপর থেকে ঐ রুটে রাত্রির শেষ বাস বন্ধ। ঐ রুটে অন্য মেচেদা-মেদিনীপুর বাস চললেও সেই বাসের রাত্রির সার্ভিস না দেওয়ায় মহিলা-সহ সর্বস্তরের যাত্রীরা ভীষণ সমস্যায় পড়েছেন। বাড়তি অনেক টাকা দিয়ে বেসরকারি যান ভাড়া করে বাড়ি যেতে হচ্ছে। দেউলিয়া-মেচেদাম পরিবহণ যাত্রী কমিটির সম্পাদক নারায়ণ চন্দ্র নায়ক বলেন, এমনিতে ওই রুটে রাতে বাসের ব্যাপক সমস্যা রয়েছে। সন্ধ্যা ৬ টার পর মেদিনীপুর যাওয়ার কোন বাস থাকে না। যাত্রী আন্দোলনের চাপে ওই মেচেদা-মেদিনীপুর বাসটি রাত্রি ৮ টা ৩০ মিনিটে মেচেদা থেকে ছেড়ে যেত। যদিও বাসটির রুট পারমিট অনুসারে পরদিন ভোরে মেচেদা থেকে ছেড়ে যাওয়ার কথা। বাস মালিকের বাড়ি আষাঢ়ীতে হওয়ায় যাত্রীদের অনুরোধ মেনে বেশ কয়েক বছর ধরে বাসটি রাত্রীর শেষ বাস হিসাবে সার্ভিস দিত। অবিলম্বে ওই সময়ে কোন না কোন বাস চালুর বিষয়ে জেলা আঞ্চলিক পরিবহণ কতৃপক্ষ কোনও ব্যবস্থা না নিলে পরিবহণ যাত্রী কমিটি যাত্রীদের সংগঠিত করে আন্দোলনে নামতে বাধ্য হবে বলে নারায়ণ বাবু জানান।

নন্দীগ্রাম থানা ও আবাসিকবৃন্দের পুজো উদ্বোধনে শুভেন্দু

অনিমেষ বেরা, নন্দীগ্রাম ঃ দুর্গা পুজোর রেশ কাটতে না কাটতেই এবারে আরেক উৎসব শ্যামাপুজোর ঢাকে কাঠি বেজে গিয়েছে। শ্যামাপুজো তার সাথে সাথে আলোর উৎসব দীপাবলি উৎসবে মেতে উঠবে গোটা নন্দীগ্রাম। এদিন সকাল থেকে নন্দীগ্রামের বিভিন্ন মন্ডপগুলিতে উৎসাহী অগণিত মানুষের ভীড় ছিল চোখে পড়ার মতো। বিভিন্ন মন্ডপ ও প্রতিমার হাতে কাজ ও পারদর্শিতায় খুশি এলাকার মানুষজন। নন্দীগ্রাম থানাও মহকুমা পুলিশ আধিকারিক তন্ময় মুখার্জী, সিআই মহিষাদল দেবব্রত দে, নন্দীগ্রাম থানার ওসি অজয় মিশ্র, এসআই সঞ্জয় মাইতি, এদিন থানার উদ্যোগে নন্দীগ্রামের ১২০০জন দুস্থ মানুষদের শীতবস্ত্র হাতে তুলে দেন পরিবহন মন্ত্রী শুভেন্দু অধিকারী। এদিন নন্দীগ্রামের একাধিক জায়গায় বেশ কয়েকটি পুজো মন্ডপের উদ্বোধন করেন পরিবহন মন্ত্রী শুভেন্দু অধিকারী। একটা সময় নন্দীগ্রামের মানুষ পুলিশের গাড়ি দেখলে ঘরের দরজা বন্ধ করে দিত, শঙ্খ ধ্বনি দিয়ে অথবা কোন ধর্মীয় প্রতিষ্ঠান থেকে মাইকে সজাগ করে দেওয়া হত। গত সাত বছরে তা আমূল পরিবর্তন হয়েছে। আশা করি আপনারা এই পুলিশ-পাবলিক রিলেশন আরও আটুট করবেন। এবং এদিন ক্লাবগুলিকে বার্তা দেন, উৎসবে যাতে নিষিদ্ধ বাজি ব্যবহার না করা হয়, তার সাথে উচ্চ স্বরে সাউন্ড যুক্ত ডিজে না বাজানো এই সব বিষয়ে প্রতিটি পুজা কমিটি থেকে শুরু করে সবাইকে সজাগ থাকার কথা বলেন।

পনের টাকা না পেয়ে স্ত্রীকে খুনের অভিযোগ

নিজস্ব সংবাদদাতা, হলদিয়া ঃ পূর্ব মেদিনীপুরের হলদিয়ার ভবানীপুর থানার দেভোগ এলাকায় সোমবার সন্ধে নাগাদ এক গৃহবধূর অস্বাভাবিক মৃত্যুর ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। মৃত গৃহবধূর নাম আনু বেগম। মৃতার বাপের বাড়ির তরফে দাবি মতো পনের ১ লক্ষ টাকা না পেয়ে তাঁদের মেয়েকে খুন করেছে তাঁর স্বামী সহ শ্বশুরবাড়ির লোকেরা। স্থানীয় সূত্রে জানা গেছে, তমলুকের শিমুলিয়ার বাসিন্দা সেখ সাদ্দামের সঙ্গে বিয়ে হয় আনুর। বিয়ের পর তাঁর একটি পুত্র সন্তানেরও জন্ম হয়। কিন্তু সাদ্দামের পরিবার দীর্ঘদিন ধরেই টাকার দাবিতে মেয়েটিকে ওপরে অত্যাচার চালাত বলে অভিযোগ। মৃতের মা নাজমা বিবির অভিযোগ, গত কয়েকদিন ধরেই মেয়েটিকে তাঁর বাপের বাড়ি থেকে ১ লক্ষ টাকা আনার জন্য চাপ দেওয়া হচ্ছিল। কিন্তু সেই টাকা দিতে অপারগ হওয়ায় মেয়েটির মৃত্যু হয়েছে। ঘটনার খবর পেয়ে তড়িঘড়ি ছুটে আসেন তাঁরা। মৃতার মা নাজমা বিবির অভিযোগ, তাঁর মেয়েকে মেরে ঝুলিয়ে দিয়েছে শ্বশুরবাড়ির লোকেরা। পরে বিকেল ৫টা নাগাদ স্থানীয় এক চিকিৎসক ডেকে তাঁর দেহ পরীক্ষাও করানো হয়। অবশ্যেষে মৃত্যু নিশ্চিত জেনে সন্ধের পর দেহটিকে হলদিয়া হাসপাতালে রেখে আসে তারা। ভবানীপুর থানায় লিখিত অভিযোগ হয়েছে জানিয়েছেন। গৃহবধূকে হলদিয়া হাসপাতালে নিয়ে যাওয়ার পর চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেছেন। এই ঘটনায় দুর্গাচক থানায় ইতিমধ্যে একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে তদন্ত শুরু করেছে। ভবানীপুর থানাতেও তার তদন্ত হবে বলেও জানিয়েছেন ওসি গোপাল পাঠক। মৃতদেহ ময়নাতদন্তের জন্যে পাঠানো হয়েছে হলদিয়া মহকুমা হাসপাতালে।

রাজ্য সড়কে হানা দিয়ে নিষিদ্ধ বাজি সহ গ্রেফতার দুই

নিজস্ব সংবাদদাতা, এগরা ঃ রাজ্য সড়কে হানা দিয়ে প্রচুর নিষিদ্ধ বাজি উদ্ধার করল পুলিশ। এগরার সেন্ট্রাল বাসস্ট্যান্ড এলাকার ঘটনা। সোমবার রাতে এগরা থানার পুলিশ সেন্ট্রাল বাসস্ট্যান্ডে হানা দেয়। সেখানে একটি মোটর বাইকে করে নিষিদ্ধ বাজি নিয়ে যাওয়ার জন্য দু'জনকে গ্রেফতার করে পুলিশ। সব মিলিয়ে দু'বস্তা বাজি বাজেয়াপ্ত করা হয় বলে জানিয়েছে পুলিশ। সেইসঙ্গে নিষিদ্ধ শব্দবাজি সহ দীপক শীট ও চন্দন শীট নামে দুই ব্যক্তিকে গ্রেফতার করে পুলিশ। তারা এগরা থানার রুস্কিনীপুর এলাকার বাসিন্দা। মঙ্গলবার ধৃতদের কাঁথি মহকুমা আদালতে তোলা হয়। বিচারক তাদের ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন।

পর্যটকের দ্বারা আক্রান্ত বিধায়ক, গ্রেফতার দুই

নিজস্ব সংবাদদাতা, দিঘা ঃ কৈতক শহরে পর্যটকের দ্বারা আক্রান্ত হলেন রামনগরের বিধায়ক অখিল গিরি। এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। সোমবার রাতে ঘটনাটি ঘটেছে পূর্ব মেদিনীপুরের দিঘা শহরের বিলামুড়িয়া রেল ব্রিজ-এর কাছে। স্থানীয় ও পুলিশ সূত্রে খবর, এদিন দিঘা থেকে ফিরছিলেন বিধায়ক। সেই সময় কলকাতার মহেশতলা থেকে আগত একদল পর্যটক দিঘার দিকে রওনা দিচ্ছিল। তারা ওই রেলব্রিজ-এর কাছে মদ্যপ অবস্থায় নিজেদের মধ্যে বাগবিতণ্ডায় জড়িয়ে পড়ে। অভিযোগ, বিধায়ককে দেখে প্রথমে তারা গালিগালাজ শুরু করে। তারপর তারা বিধায়কের পথ আটকায়। অভিযোগ, বিধায়ককে গাড়ি থেকে নামিয়ে মারধর করে। অভিযুক্তরা বিধায়কের পাজামা ছিঁড়ে দেয়। তারপর স্থানীয়রা ঘটনাস্থলে ছুটে এসে পুলিশকে খবর দেন। দিঘা মোহনা উপকূল থানার পুলিশ এসে অভিযুক্ত দু'জন পর্যটককে আটক করেছে। বাকি একজন পলাতক বলে জানিয়েছে পুলিশ। এ বিষয়ে পূর্ব মেদিনীপুর জেলার অতিরিক্ত পুলিশ সুপার ইন্দ্রজিৎ বসু বলেন, আমরা দুজনকে আটক করেছি। বাকি একজনের খোঁজে তল্লাশি শুরু করা হয়েছে। তবে থানায় কোন লিখিত অভিযোগ দায়ের এখনও হয়নি। কিন্তু পুলিশের তরফে আমরা ঘটনার তদন্ত শুরু করেছি। তবে ফোনে যোগাযোগ করা হলে স্থানীয় বিধায়কের কোন প্রতিক্রিয়া পাওয়া যায় নি। এমনকী তিনি এসএমএস-এও উত্তর দেননি।

মানিকপুর ভাতৃসংঘের ২৪ ফুটের মোটা কালী

নিজস্ব সংবাদদাতা, মানিকপুর ঃ মানিকপুর ভাতৃসংঘের পুজো এবার ৫১ বছরে পা রেখেছে। পশ্চিম মেদিনীপুর জেলার আকর্ষণীয় কালীপুজোগুলির মধ্যে অন্যতম হল মানিক পুরের মোটাকালীর পুজো। প্রতিবারের মতো এবারও আকর্ষণ হল বিশালাকায় প্রতিমা। এবারের প্রতিমার উচ্চতা ২৪ফুট। বানানোর সময় থেকেই প্রতিমা গোরুর গাড়ির উপর চাপানো রয়েছে। এই গাড়ি চেপেই বিশালাকার প্রতিমা বিসর্জন হবে। পুজোকে কেন্দ্র করে আগেই সাংস্কৃতিক প্রতিযোগিতা হয়ে গেছে। আর পুজো দিনগুলিতে থাকছে সাংস্কৃতিক অনুষ্ঠান। সোমবার সন্ধ্যায় এই পুজোর উদ্বোধন করেন রামকৃষ্ণ মিশনের মহাধ্যক্ষানন্দ। ছিলেন পুলিশ সুপার অলোক রাজরিয়া। পুজোকে কেন্দ্র করে গোটা মানিক পুর আলোকমালায় সেজে উঠেছে।

আলফাকিয়া এ্যাকাডেমীর বর্ষ পূর্তি অনুষ্ঠান

নিজস্ব সংবাদদাতা, কাঁথি ঃ কাঁথি-১নং ব্লকের গিমাগেড়িয়া আলফাকিয়া এ্যাকাডেমী রবিবার তাদের ১০ম বর্ষ পূর্তি অনুষ্ঠানের আয়োজন করে। আবাসিক এই বিদ্যালয়ে ৬৩১জন ছাত্র পড়াশোনা করে। ছাত্রদের সাফল্য ইতিমধ্যে নজর কেড়েছে। অনুষ্ঠানে পুরস্কার বিতরণ,কৃতী ছাত্রদের সম্বর্ধনা জ্ঞাপন, অভিভাবক সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন ছিল। উপস্থিত ছিলেন এ্যাকাডেমির সম্পাদক গিমাগেড়িয়া হাইমাদ্রাসার প্রধান শিক্ষক আহমেদ হোসেন, সভাপতি সোয়েব মহম্মদ, শিক্ষক সৈয়দ এহিয়া আলি প্রমুখ। অনুষ্ঠান সঞ্চালনা করেন একাদশ শ্রেণির কৃতী ছাত্র সেক সনু আলি।

সাধারণ মানুষের সুবিধার্থে তমলুক লোকসভার সাংসদ দিব্যেন্দু অধিকারী ভারত সরকারের বিদেশ মন্ত্রকের কাছে আবেদন করেছিলেন, তাঁর লোকসভা কেন্দ্রের মধ্যে পাসপোর্ট সেবা কেন্দ্র খোলার। বিদেশ মন্ত্রকের পক্ষ থেকে সেই আবেদনে মান্যতা দিয়ে পাঠানে হল চিঠি।

দশম মেদিনীপুর লিটল ম্যাগাজিন মেলা

নিজস্ব সংবাদদাতা, কাঁথি ঃ মেদিনীপুর লিটল ম্যাগাজিন আকাদেমির উদ্যোগে কাঁথিতে অনুষ্ঠিত হল দশম বর্ষ মেদিনপুর লিটল ম্যাগাজিন মেলা। লিটল ম্যাগাজিন আকাদেমি কাঁথি শাখার ব্যবস্থাপনায় আয়োজিত এই মেলার উদ্বোধন হয় শনিবার। কাঁথির রাও রিক্রিয়েশন ক্লাব ময়দানে আয়োজিত এই মেলার উদ্বোধন করেন বিশিষ্ট কবি তথা প্রাবন্ধিক ক্ষিতীশ সাঁতরা। উপস্থিত ছিলেন বিশিষ্ট সাহিত্যিক নলিনী বেরা, সাহিত্যিক লায়েক আলি খাঁন, কাঁথি পুরসভার প্রধান সৌমেন্দু অধিকারী সহ অন্যান্য বিশিষ্টজনেরা। এই লিটল ম্যাগাজিন মেলার উদ্বোধন পর্বটি ছিল চোখে পড়ার মতো। কাঁথি শহরের নৃত্য ও সঙ্গীত শিক্ষার অন্যতম প্রতিষ্ঠান কৃষ্টি শ্রীরঙ্গমের কুশীলবরা চলমান শোভাযাত্রায় নৃত্য ও সঙ্গীত সহযোগে মনোজ্ঞ সাংস্কৃতিক কার্যক্রম উপহার দেন।

অবিভক্ত মেদিনীপুরের প্রায় একশত কবি, গল্পকার, শিল্পী ও সম্পাদক এই শোভাযাত্রার শোভাবর্ধন করেন। শোভাযাত্রায় কবিতা পাঠের পাশাপাশি ধারাভাষ্যের মাধ্যমে লিটল ম্যাগাজিনের লড়াই-সংগ্রামের ইতিহাস তুলে ধরা হয়। শোভাযাত্রাটি কাঁথি শহরের গুরুত্বপূর্ণ স্থানগুলি প্রদক্ষিণ করে। আয়োজকদের তরফে রাস্তার মোড়ে ও ধারে অবস্থিত মনীষী ও বিপ্লবীদের প্রতিকৃতিতে মাল্যদানের মাধ্যমে শ্রদ্ধা জানানো হয়। মেলার পক্ষ থেকে এবছর সম্মানিত করা হয় কবি তথা শিল্পী সুধাংশু বাগ ও কবি তথা সম্পাদক শম্ভু রক্ষিতকে। মেলাতে আয়োজিত হয়েছিল যেমন খুশি আঁকো, পাশাপাশি ছিল মুক্ত ক্যানভাস, সঙ্গে ছিল কুইজের উন্মাদনা। সব মিলিয়ে এবারের লিটল ম্যাগাজিন মেলা বেশ জমজমাট। মেলায় উপস্থিত ছিল প্রায় ৬০টির কাছাকাছি লিটল ম্যাগাজিন প্রকাশক। দ্বি-শতাধিক কবি, সাহিত্যিক, শিল্পী ও লিটল ম্যাগাজিন কর্মী। সাহিত্যালোচনা কবিতা পাঠ অনুগল্প পাঠ এবং নানান সাংস্কৃতিক অনুষ্ঠান সেজে উঠেছিল কাঁথি রাও রিক্রিয়েশন ক্লাব প্রাঙ্গণ। এবারের মেলা কমিটির সম্পাদক সোমনাথ প্রধান ও মন্ত্রীর বাগ জানান, এই মেলা মানুষের আবেগের মেলবন্ধন। আমরা সেই আবেগের মর্যাদা রক্ষার সামান্য চেষ্টা করেছি মাত্র। দুরন্ত কুইজ উপহার দিয়ে সবার মন জয় করেন মেদিনীপুর কুইজ কেন্দ্রের কাঁথি-এগরা শাখার সদস্য-সদস্যারা। মেলা সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় সবাইকে ধন্যবাদ জানান লিটল ম্যাগাজিন আকাদেমির সভাপতি পিনাক বিজয় চক্রবর্তী, সম্পাদক গৌতম মাহাতো এবং আকাদেমির কাঁথি শাখার যুগ্ম সম্পাদক অঞ্জন দাস ও মলয় পাহাড়ী।